গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

২৮ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ

নং- ১০.০০.০০০০.১২৮.২২.০০৫.১৩-৩৫৯ তারিখঃ---------------------------

১২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়ঃ- বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণকে তাঁদের বাসভবনের জন্য ০১(এক)টি করে বাবুর্চি ও ০১(এক)টি করে নিরাপত্তা প্রহরীসহ ০২(দুই)টি সহায়ক জনবলের সুবিধাদির পরিবর্তে 'কুক ও সিকিউরিটি' এলাউন্স প্রদান প্রসঙ্গে।**

নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণকে তাঁদের বাসভবনের জন্য ০১(এক)টি করে বাবুর্চি পদের সুবিধা প্রদানের পরিবর্তে মাসিক ১৬,০০০/-(ষোল হাজার) টাকা করে 'কুক এলাউন্স' হিসেবে এবং ইয়ারমার্কড/স্বতন্ত্র/একক বাসা/বাড়ীর বা ফ্লাটের ক্ষেত্রে একটি করে নিরাপত্তা প্রহরী পদের সুবিধার পরিবর্তে মাসিক ১৬,০০০/-(ষোল হাজার) টাকা করে ' সিকিউরিটি এলাউন্স' হিসেবে প্রদান করা হলোঃ

(ক) কুক ও সিকিউরিটি এলাউন্স প্রদানের ক্ষেত্রে ডোমেস্টিক এইড এলাউন্স প্রাপ্য হবে না;
(খ) কুক ও সিকিউরিটি এলাউন্স প্রদানের তারিখ হতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণের বাসভবনের জন্য সৃজিত ১০০টি বাবুর্চি ও ১০০টি নিরাপত্তা প্রহরী এর পদ বিলুপ্ত হবে;
(গ) মাননীয় বিচারপতিগণ যে দপ্তরেই কর্মরত থাকুন, তাঁরা এ সুবিধা প্রাপ্য হবেন।

০২। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখার ২৬-০২-২০১৮ খ্রিঃ তারিখের ০৭.১৫৩.০১৫.১০.০৩.০০৫.২০০৯(অংশ-১)-১৪৪ সংখ্যক পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে এ পরিপত্র জারি করা যেতে হলো।
০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
১২.০৭.১৮
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং- ১০.০০.০০০০.১২৮.২২.০০৫.১৩-৩৫৯/(১-১২) তারিখঃ ১২-০৭-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. রাষ্ট্রপতির সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

চলমান পাতা/০২

৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৯, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ(ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।
১২. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(বিকাশ কুমার সাহা)
যুগ্ম-সচিব(প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪৫০১৫(অঃ)